চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে আজ শনিবার সকাল ৯টায় জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলনকক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

‘কর্তৃপক্ষের সকল দ্বার, খুলে দেবে তথ্য অধিকার’ স্লোগানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।

আলোচনা সভায় বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার (পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সহযোগী অধ্যাপক মো. জাহিদুল হাসান, মুন্সী আবিু সাঈফ, জেলা তথ্য অফিসার শিল্পী মণ্ডল, জাতীয় দৈনিক আজকের পত্রিকা ও ডেইলি মর্নিং গ্লোরির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি এবং দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার নিজস্ব প্রতিবেদক মেহেরাব্বিন সানভী, সাংবাদিক অ্যাড. রফিকুল ইসলাম, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন চুয়াডাঙ্গার প্রতিনিধি সাফ্ফাতুল ইসলাম, জেলা ব্রাক প্রতিনিধি মানিক ম্যাক্সি মিলিয়ান রুগা, চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুলের শিক্ষার্থী সাকিব হাসান তুষার, নাদিয়াতুল জান্নাত, রায়না হাবিবা প্রমুখ। আলোচনা সভাটি পরিচালনা করেন জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আলাউদ্দীন আল আজাদ।

এ সময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা কালেক্টরেটের সিনিয়র সহকারী কমিশনার রেজওয়ানা নাহিদ, তিথি মিত্রসহ চুয়াডাঙ্গা কালেক্টরেটের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ, বিভিন্ন ইউনিয়ন পরিষদের সচিব, হিসাব সহকারী ও উদ্যেক্তা, বিভিন্ন দপ্তরের কর্মকর্তাসহ শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, যার যার অবস্থান থেকে তথ্য অধিকার আইন বাস্তবায়নে সহযোগিতা করতে হবে। জনগণ তথ্য চাইবে, আপনারা দিবেন। সিটিজেন চার্টার দৃশ্যমানভাবে টাঙিয়ে রাখি। ওয়েব পেজ আছে সেখানে সরকারি

প্রকল্প তুলে দেবেন। তাহলে জনগণের তথ্য জানা প্রসারিত হবে। স্বচ্ছতা, জবাবদিহিতা কতটুকু চর্চা করতে পারছি তার ওপর নির্ভর করছে।

মেহেরপুরে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালন

মেহেরপুরে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালন করা হয়েছে। “কর্তৃপক্ষের সকল দ্বার, খুলে দেবে তথ্য অধিকার” প্রতিপাদ্যে মেহেরপুরে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসনের আয়োজনে শনিবার (২৮ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১১ টার দিকে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে এ আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুনের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে সুপার ডা. জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার, ইন্সপেক্টর আব্দুল আলিম, সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ সভাপতি মো: নাজমুল হক (লিটন), প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, মেহেরপুর এন জি ও সমিতির সভাপতি মোশাররফ হোসেন প্রমুখ।

এসময় বক্তারা বলেন, তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে মানসিকতা পরিবর্তনের পাশাপাশি জবাবদিহিতার ব্যবস্থা করতে হবে। আর জবাবদিহিতা বাড়লে অপরাধ প্রবনতা বা দূর্নীতি কমতে শুরু করবে। দেশের উন্নয়নের স্বার্থে মানুষকে চিন্তা-চেতনা ও কথা বলার অধিকার দিতে হবে। তাই বাংলাদেশের সংবিধানের তথ্য অধিকার আইনের তথা বলা হয়েছে।

এছাড়াও এসময় স্থানীয় সরকার বিভাগের উপ পরিচালক মোঃ শামীম

হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক মুঃ তানভীর হাসান রুমান, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর,জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আকাশ কুমার কুন্ড, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন প্রমুখ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত

দামুড়হুদায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৩ পালিত হয়েছে। উপজেলা প্রশাসনের আয়োজনে আজ বুধবার সকাল সাড়ে ১০ টার সময় র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা সিএ ফয়জুল ইসলাম, দামুড়হুদা বাসট্যান্ড বাজার কমিটির সভাপতি রতন সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে আন্তর্জাতিক তথ্য

[redacted]

‘[redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted]’[redacted] [redacted] [redacted] [

অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মেহেরপুর তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন ।

এর আগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের হয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের সড়ক প্রদক্ষিন শেষে একই স্থানে এসে শেষ হয়।

কুষ্টিয়ায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে ডিপিএফ’র আলোচনা

‘তথ্য প্রযুক্তির যুগে জনগনের তথ্য অধিকার নিশ্চিত হোক’ প্রতিপাদ্যে কুষ্টিয়ায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়ার জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

ডিস্ট্রিক্ট পলিসি ফোরাম (ডিপিএফ) কুষ্টিয়া এ অনুষ্ঠানের আয়োজন করে।

ডিপিএফ কুষ্টিয়ার সভাপতি মাহবুবা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন স্থানীয় সরকার শাখার উপ-পরিচালক মো: আরিফ-উজ-জামান, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) শারমিন আখতার, জেলা তথ্য অফিসের সিনিয়র তথ্য অফিসার শিল্পী মন্ডল।

ডিস্ট্রিক্ট পলিসি ফোরাম কুষ্টিয়ার সম্পাদক আসাদুজ্জামানের সঞ্চালনায় অনুষ্ঠিত সংলাপে স্বাগত বক্তব্য রাখেন ডিপিএফ কুষ্টিয়ার সভাপতি মাহবুবা বেগম।

ধারনাপত্র উপস্থাপন করেন ডিস্ট্রিক্ট পলিসি ফোরাম (ডিপিএফ) কুষ্টিয়ার সহ-সভাপতি ও বাংলাভিশন টেলিভিশনের জেলা প্রতিনিধি

হাসান আলী।

বক্তারা বলেন, তথ্য অধিকার আইন-২০০৯ নিঃসন্দেহে একটি উত্তম আইন। এটি বাংলাদেশের জন্য একটি যুগান্তকারী ঘটনা এবং জনগণের ক্ষমতায়নে মাইলফলক। এই আইনের মাধ্যমে জনগণের তথ্য পাবার অধিকার নিশ্চিত করতে হবে।

এসময় বক্তারা বলেন, তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে মানসিকতা পরিবর্তনের পাশাপাশি জবাবদিহিতার ব্যবস্থা করতে হবে। আর জবাবদিহিতা বাড়লে অপরাধ প্রবনতা বা দূর্নীতি কমতে শুরু করবে। কেননা, ব্রিটিশ আমল থেকে ক্ষমতা হারানোর ভয়ে তথ্য গোপন রাখার প্রবণতা রয়েছে। দেশের উন্নয়নের স্বার্থে মানুষকে চিন্তা-চেতনা ও কথা বলার অধিকার দিতে হবে। তাই বাংলাদেশের সংবিধানের তথ্য অধিকার আইনের তথা বলা হয়েছে।

বক্তারা আরও বলেন, ক্ষমতায়নের জন্য জনগণের তথ্য অধিকার নিশ্চিত করা একান্ত আবশ্যক। এতে সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি ও বিদেশি অর্থায়নে পরিচালিত বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে, দুর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠিত হবে। যা বাংলাদেশকে অর্থনৈতিকভাবে উন্নত রাষ্ট্রে পরিণত করবে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ে উঠবে। তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া অঙ্গীকার বাস্তবায়িত হবে।

এছাড়াও মুক্ত আলোচনায় জেলার সার্বিক বাল্যবিয়ে পরিস্থিতি এবং করণীয় বিষয় তুলে ধরে কথা বলেন সেমিনারে অংশগ্রহনকারীগণ।